

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩২৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উম্মু হাবীবাহ রাদ্বিয়াল্লাহু আনহার বক্তব্য "যখন তাতে কোন নাপাকি না দেখতেন" এর দ্বারা উদ্দেশ্যে বীর্য নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ أُمِّ حَبِيبَةَ: إِذَا لَمْ يَرَ فِيهِ أَذًى أَرَادَتْ بِهِ غَيْرَ المني

## আরবী

2327 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّثَنَا مَخْلَدُ بْنُ أَبِي زُمَيْلٍ وَعَبْدُ الْجَبَّارِ بْنِ سَمُرَةَ بْنُ عَاصِمٍ قَالَا: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنُ عُمَيْرٍ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ بْنُ عَاصِمٍ قَالَا: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنُ عُمَيْرٍ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: قَالَ: سَأَلَ رَجُلُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أُصلِّي فِي الثَّوْبِ الَّذِي آتِي فِيهِ أَهْلِي؟ قَالَ: (نَعَمْ إِلَّا أَن ترى فيه شيئاً فتغسله)

الراوي: جَابِر بْن سَمُرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2327 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (390).

## বাংলা

২৩২৭. জাবির বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করেন, "আমি কি সেই কাপড়ে সালাত আদায় করতে পারবাে, যা পরিধান করে আমি আমার স্ত্রীর কাছে গমন করি?" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "হ্যাঁ, তবে যদি তুমি তাতে কিছু দেখতে পাও, তবে তা ধুয়ে নিবে।"[1]

## ফুটনোট

[1] যাওয়াইদুল মুসনাদ: ৫/৯৭; তাবারানী: ১৮৮১; মুসনাদ আহমাদ: ৫/৮৯; ইবনু মাজাহ: ৫৪২; মিসবাহুয যুজাজাহ: ২/৪১।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৩৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন